রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, জানুয়ারি ১১ ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**নৌপরিবহন মন্ত্রণালয়**
**নৌশিক্ষা ও প্রশিক্ষণ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ/৯ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ০৭-আইন/২০২৪।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম**।—এই বিধিমালা বাংলাদেশ মেরিন একাডেমি কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মচারী;

(ঘ) "পদ" অর্থ তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ কোনো পদে নিয়োগের জন্য তফসিল-১ এ উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিশ" অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;


**মূল্য :** টাকা ৩০.০০

(ছ) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA);

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" "স্বীকৃত ইনস্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলের বিধান অনুযায়ী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলির মাধ্যমে;

(ঘ) পদায়নের মাধ্যমে; এবং

(ঙ) চুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদে নিয়োগের জন্য তফসিল-১ এ বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটি লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করিবে:

তবে শর্ত থাকে যে, ২০তম গ্রেডভুক্ত কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা হইবে কিনা তাহা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৫) কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) এতদুদ্দেশ্যে বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এতদুদ্দেশ্যে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে অথবা, তদন্ত হইলে, তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৬) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিলে, স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৭) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত কোনো ব্যক্তি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩-১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ গ্রেডের কোনো পদে এবং ১০-১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে এই বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং সংশ্লিষ্ট পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ চলিবারকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করিয়া থাকে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশি মেয়াদ চলিবারকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা যাইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইবে, সেই সকল কর্মচারীকে শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান**।—তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনের ক্ষেত্রে কোনো ভগ্নাংশ দেখা দিলে উভয় কোটার ভগ্নাংশকে পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত করিতে হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত**।—(১) কর্মকর্তা ও কর্মচারী (মেরিন একাডেমী, চট্টগ্রাম) নিয়োগ বিধিমালা, ১৯৯৪, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

(ক) নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন; এবং

(খ) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন গৃহীত কোনো কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উক্ত কার্য বা কার্যধারা, এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

তফসিল-১

**[বিধি ২ (খ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** | **(৪)** | **(৫)** |
| ১। | কমান্ড্যান্ট | অনূ্যন ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে আরও শর্ত থাকে যে, পদোন্নতি ও সরাসরি নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে অথবা সরকার কর্তৃক নির্ধারিত শর্তাধীনে চুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>ডেপুটি কমান্ড্যান্ট পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) ডেক অফিসার ক্লাস-১ (মাস্টার মেরিনার) (আনলিমিটেড) সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি, তন্মধ্যে ক্যাপ্টেন হিসাবে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) দফা (ক)-তে উল্লিখিত সার্টিফিকেট প্রাপ্তির পর প্রথম শ্রেণির সমতুল্য পদে চাকরি এবং কোনো স্বীকৃত মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠানে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত বা সরকার কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠানে ৯ম বা তদুর্ধ্ব গ্রেডভুক্ত বা সমমানের পদে সাকুল্যে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকরির অভিজ্ঞতা;<br>অথবা<br>(গ) মেরিন ইঞ্জিনিয়ার অফিসার ক্লাস-১ (আনলিমিটেড) সার্টিফিকেট এবং অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি, তন্মধ্যে বিদেশগামী জাহাজে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরিসহ প্রধান প্রকৌশলী হিসাবে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (ঘ) দফা (গ)-তে উল্লিখিত সার্টিফিকেট প্রাপ্তির পর প্রথম শ্রেণির সমতুল্য পদে চাকরি এবং কোনো স্বীকৃত মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠানে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত বা সরকার কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠানে ৯ম বা তদুর্ধ্ব গ্রেডভুক্ত বা সমমানের পদে সাকুল্যে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকরির অভিজ্ঞতা;<br>অথবা<br>(ঙ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেরিটাইম বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(চ) সরকারি মেরিটাইম সেক্টরে প্রথম শ্রেণির সমতুল্য পদে চাকরি, তন্মধ্যে ৯ম বা তদুর্ধ্ব গ্রেডভুক্ত বা সমমানের পদে সাকুল্যে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>প্রেষণের ক্ষেত্রে:</u>**<br>মেরিন একাডেমি হইতে ডিগ্রিধারী সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২। | ডেপুটি কমান্ড্যান্ট | অনূর্ধ্ব ৫০ বৎসর | পদায়নের মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, পদায়নযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>আরও শর্ত থাকে যে, পদায়ন ও সরাসরি নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে অথবা সরকার কর্তৃক নির্ধারিত শর্তাধীনে চুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে। | <u>পদায়নের ক্ষেত্রে:</u><br>নৌ-শিক্ষা প্রধান বা প্রধান প্রকৌশলী পদ হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়নের মাধ্যমে।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) ডেক অফিসার ক্লাস-১ (মাস্টার মেরিনার) (আনলিমিটেড) সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি, তন্মধ্যে ক্যাপ্টেন হিসাবে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) দফা (ক)-তে উল্লিখিত সার্টিফিকেট প্রাপ্তির পর প্রথম শ্রেণির সমতুল্য পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি এবং কোনো স্বীকৃত মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠানে অন্যূন ৩ (তিন) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত বা সরকার কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠানে ৯ম বা তদুর্ধ্ব গ্রেডভুক্ত বা সমমানের পদে সাকুল্যে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকরির অভিজ্ঞতা;<br>অথবা<br>(গ) মেরিন ইঞ্জিনিয়ার অফিসার ক্লাস-১ (আনলিমিটেড) সার্টিফিকেট এবং অন্যূন ৫ বৎসরের চাকরি, তন্মধ্যে বিদেশগামী জাহাজে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরিসহ প্রধান প্রকৌশলী হিসাবে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (ঘ) দফা (গ)-তে উল্লিখিত সার্টিফিকেট প্রাপ্তির পর প্রথম শ্রেণির সমতুল্য পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি এবং কোনো স্বীকৃত মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠানে অন্যূন ৩ (তিন) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত বা সরকার কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠানে ৯ম বা তদুর্ধ্ব গ্রেডভুক্ত বা সমমানের পদে সাকুল্যে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**প্রেষণের ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৩। | নৌ-শিক্ষা প্রধান | অনূর্ধ্ব ৫০ বৎসর | পদায়নের মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, পদায়নযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>আরও শর্ত থাকে যে, পদায়ন ও সরাসরি নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে অথবা সরকার কর্তৃক নির্ধারিত শর্তাধীনে চুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে। | **পদায়নের ক্ষেত্রে:**<br>উর্ধ্বতন নৌ-প্রশিক্ষক পদ হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়নের মাধ্যমে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) ডেক অফিসার ক্লাস-১ (মাস্টার মেরিনার) (আনলিমিটেড) সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি, তন্মধ্যে ক্যাপ্টেন হিসাবে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) দফা (ক)-তে উল্লিখিত সার্টিফিকেট প্রাপ্তির পর কোনো স্বীকৃত মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠানে অন্যূন ২ (দুই) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত বা সরকার কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠানে ৯ম বা তদুর্ধ্ব গ্রেডভুক্ত বা সমমানের পদে সাকুল্যে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**প্রেষণের ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪। | প্রধান প্রকৌশলী | অনূর্ধ্ব ৫০ বৎসর | পদায়নের মাধ্যমে: তবে শর্ত থাকে যে, পদায়নযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে: আরও শর্ত থাকে যে, পদায়ন ও সরাসরি নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে অথবা সরকার কর্তৃক নির্ধারিত শর্তাধীনে চুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে। | **<u>পদায়নের ক্ষেত্রে:</u>** ঊর্ধ্বতন প্রকৌশলী প্রশিক্ষক পদ হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়নের মাধ্যমে। **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>** (ক) মেরিন ইঞ্জিনিয়ার অফিসার ক্লাস-১ (আনলিমিটেড) সার্টিফিকেট প্রাপ্তির পর বিদেশগামী বাণিজ্যিক জাহাজে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি, তন্মধ্যে প্রধান প্রকৌশলী হিসাবে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা; (খ) কোনো স্বীকৃত মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠানে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি বা শিক্ষকতাসহ প্রশাসনিক কাজের অভিজ্ঞতা; এবং (গ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত বা সরকার কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠানে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডভুক্ত বা সমমানের পদে সাকুল্যে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকরির অভিজ্ঞতা। **<u>প্রেষণের ক্ষেত্রে:</u>** সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৫। | ঊর্ধ্বতন নৌ-প্রশিক্ষক | অনূর্ধ্ব ৪৫ বৎসর | মোট পদের শতকরা- (ক) ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে: | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>** নৌ-প্রশিক্ষক পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি। **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>** (ক) ডেক অফিসার ক্লাস-১ (মাস্টার মেরিনার) (আনলিমিটেড) সার্টিফিকেট প্রাপ্তির পর বিদেশগামী বাণিজ্যিক জাহাজে |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | তবে শর্ত থাকে যে, পদোন্নতি ও সরাসরি নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে অথবা সরকার কর্তৃক নির্ধারিত শর্তাধীনে চুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে। | অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি, তন্মধ্যে ক্যাপ্টেন হিসাবে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) কোনো স্বীকৃত মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠানে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি বা শিক্ষকতার অভিজ্ঞতা।<br><u>প্রেষণের ক্ষেত্রে:</u><br>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৬। | উর্ধ্বতন প্রকৌশলী প্রশিক্ষক | অনূর্ধ্ব ৪৫ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতি ও সরাসরি নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে অথবা সরকার কর্তৃক নির্ধারিত শর্তাধীনে চুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>প্রকৌশলী প্রশিক্ষক পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) মেরিন ইঞ্জিনিয়ার অফিসার ক্লাস-১ (আনলিমিটেড) সার্টিফিকেট প্রাপ্তির পর বিদেশগামী বাণিজ্যিক জাহাজে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি, তন্মধ্যে প্রধান প্রকৌশলী হিসাবে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) কোনো স্বীকৃত মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠানে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরি বা শিক্ষকতার অভিজ্ঞতা।<br><u>প্রেষণের ক্ষেত্রে:</u><br>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৭। | নৌ-প্রশিক্ষক | অনূর্ধ্ব ৪৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, সরাসরি নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে অথবা সরকার কর্তৃক নির্ধারিত শর্তাধীনে চুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে। | <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>ডেক অফিসার ক্লাস-১ (মাস্টার মেরিনার) (আনলিমিটেড) সার্টিফিকেট প্রাপ্তির পর বিদেশগামী বাণিজ্যিক জাহাজে ৩ (তিন) বৎসর চাকরি, তন্মধ্যে ক্যাপ্টেন হিসাবে অন্যূন ১ (এক) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br><u>প্রেষণের ক্ষেত্রে:</u><br>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৮। | প্রকৌশলী প্রশিক্ষক | অনূর্ধ্ব ৪৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে: তবে শর্ত থাকে যে, সরাসরি নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে অথবা সরকার কর্তৃক নির্ধারিত শর্তাধীনে চুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে। | **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>মেরিন ইঞ্জিনিয়ার অফিসার ক্লাস-১ (আনলিমিটেড) সার্টিফিকেট প্রাপ্তির পর বিদেশগামী বাণিজ্যিক জাহাজে ৩ (তিন) বৎসর চাকরি, তন্মধ্যে প্রধান প্রকৌশলী হিসাবে অন্যূন ১ (এক) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>**<u>প্রেষণের ক্ষেত্রে:</u>**<br>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৯। | উর্ধ্বতন যান্ত্রিক প্রকৌশলী প্রশিক্ষক | - | পদোন্নতির মাধ্যমে। | তড়িৎ যান্ত্রিক প্রকৌশলী বা যান্ত্রিক প্রকৌশলী প্রশিক্ষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১০। | উর্ধ্বতন তড়িৎ প্রশিক্ষক | - | পদোন্নতির মাধ্যমে। | তড়িৎ প্রশিক্ষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১১। | উর্ধ্বতন নৌ-স্থপতি | - | পদোন্নতির মাধ্যমে। | নৌ-স্থপতি পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১২। | প্রধান শিক্ষা কর্মকর্তা | অনূর্ধ্ব ৪৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>(ক) উর্ধ্বতন শিক্ষা কর্মকর্তা বা ইলেকট্রনিক্স প্রশিক্ষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; অথবা<br>(খ) উর্ধ্বতন শিক্ষা কর্মকর্তা বা ইলেকট্রনিক্স প্রশিক্ষক পদসহ শিক্ষা কর্মকর্তা (পদার্থবিদ্যা), শিক্ষা কর্মকর্তা (গণিত), শিক্ষা কর্মকর্তা (ইংরেজী) বা শিক্ষা কর্মকর্তা (মানবিক) পদে সম্মিলিতভাবে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরি; অথবা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (গ) শিক্ষা কর্মকর্তা (পদার্থবিদ্যা), শিক্ষা কর্মকর্তা (গণিত), শিক্ষা কর্মকর্তা (ইংরেজী) বা শিক্ষা কর্মকর্তা (মানবিক) পদে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা, গণিত, ইলেকট্রনিক্স, ইংরেজি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সাধারণ ইতিহাস, ইসলামের ইতিহাস, লোকপ্রশাসন, সমাজবিজ্ঞান বা ভূগোল বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত বা সরকার কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠানে ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের পদে সাকুল্যে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ১৩। | এ্যাডজুটেন্ট | - | প্রেষণে বদলির মাধ্যমে। | বাংলাদেশ নৌবাহিনীর লেফটেন্যান্ট কমান্ডার অথবা বাংলাদেশ সেনাবাহিনী বা বাংলাদেশ বিমান বাহিনীর সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১৪। | উন্নয়ন কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে। | মূল্যায়ন ও গবেষণা কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৫। | ইলেকট্রনিক্স প্রশিক্ষক | অনূর্ধ্ব ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>শিক্ষা কর্মকর্তা (পদার্থবিদ্যা) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা, ইলেকট্রনিক্স বা ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-এ প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত বা সরকার কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠানে ৯ম গ্রেড বা সমমানের কোনো পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ১৬। | তড়িৎ যান্ত্রিক প্রকৌশলী | অনূর্ধ্ব ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎ, যান্ত্রিক বা ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-এ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত বা সরকার কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠানে ৯ম গ্রেড বা সমমানের কোনো পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | অথবা<br>(গ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে তড়িৎ, যান্ত্রিক বা ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-এ ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা; এবং<br>(ঘ) বাণিজ্যিক নৌ প্রতিষ্ঠান বা বিদেশগামী বাণিজ্যিক জাহাজে তড়িৎ ও যান্ত্রিক যন্ত্রপাতি স্থাপন এবং ব্যবস্থাপনা কাজে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ১৭। | যান্ত্রিক প্রকৌশলী প্রশিক্ষক | অনূর্ধ্ব ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যান্ত্রিক প্রকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত বা সরকার কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠানে ৯ম গ্রেড বা সমমানের কোনো পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা;<br>অথবা<br>(গ) কোনো স্বীকৃত মেরিন একাডেমি হইতে স্নাতক ডিগ্রি; এবং<br>(ঘ) মেরিন ইঞ্জিনিয়ার অফিসার ক্লাস-৩ (আনলিমিটেড) সার্টিফিকেট প্রাপ্তির পর বিদেশগামী বাণিজ্যিক জাহাজে অন্যূন ১৪ (চৌদ্দ) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ১৮। | তড়িৎ প্রশিক্ষক | অনূর্ধ্ব ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎ প্রকৌশল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) বিদেশগামী জাহাজে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরিসহ শিপিং বা বাণিজ্যিক নৌ-প্রতিষ্ঠানে তড়িৎ প্রকৌশলী হিসাবে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা; অথবা<br>(গ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত বা সরকার কর্তৃক স্বীকৃত কোনো প্রতিষ্ঠানে ৯ম গ্রেড বা সমমানের কোনো পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ১৯। | বেতার কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে। | জুনিয়র জিএমডিএসএস প্রশিক্ষক বা জুনিয়র বেতার কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ২০। | নৌ-স্থপতি | অনূর্ধ্ব ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নেভাল আর্কিটেকচারে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) শিপিং বা বাণিজ্যিক নৌ-প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে ৯ম গ্রেড বা সমমানের কোনো পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অথবা অন্য কোনো বিষয়ে ৯ম গ্রেড বা সমমানের কোনো পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ২১। | উর্ধ্বতন শিক্ষা কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে। | শিক্ষা কর্মকর্তা (পদার্থবিদ্যা), শিক্ষা কর্মকর্তা (গণিত), শিক্ষা কর্মকর্তা (ইংরেজী) অথবা শিক্ষা কর্মকর্তা (মানবিক) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ২২। | চিকিৎসা প্রশিক্ষক | অনূর্ধ্ব ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এম.বি.বি.এস. ডিগ্রিসহ অন্যূন ৪ (চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৩। | আবাসিক চিকিৎসা কর্মকর্তা (খন্ডকালীন) | - | খন্ডকালীন। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এম.বি.বি.এস. ডিগ্রিসহ বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত। |
| ২৪। | জুনিয়র বেতার কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) মেরিটাইম রেডিও কমিউনিকেশন (জেনারেল) বা সমমানের সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজে বেতার কর্মকর্তা হিসাবে অন্যূন ১ (এক) বৎসরের চাকরির অভিজ্ঞতা; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে—<br>(অ) রেডিও ইলেকট্রনিক্স-এ প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(আ) বি.এস.সি. ইন ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, জাহাজের চাকরিতে অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতাকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ২৫। | জুনিয়র জিএমডিএসএস প্রশিক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) সমুদ্রগামী জাহাজের ডেক অফিসার ক্লাস-৩ সার্টিফিকেট; এবং<br>(খ) জেনারেল অপারেটর জিএমডিএসএস (জিওসি) সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৬। | শিক্ষা কর্মকর্তা (পদার্থবিদ্যা) | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের শতকরা—<br>(ক) ১০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৯০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>প্রদর্শক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যায় প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ২৭। | শিক্ষা কর্মকর্তা (গণিত) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত বা ফলিত গণিতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ২৮। | শিক্ষা কর্মকর্তা (ইংরেজী) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজিতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ২৯। | শিক্ষা কর্মকর্তা (মানবিক) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সাধারণ ইতিহাস, ইসলামের ইতিহাস, লোকপ্রশাসন, সমাজবিজ্ঞান বা ভূগোল বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩০। | হিসাব রক্ষণ কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৩৩ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬৭ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>হিসাবরক্ষক বা ক্যাশিয়ার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদভুক্ত কোনো বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ৩১। | সহকারী প্রকৌশলী (সিভিল) | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বি.এস.সি.ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। |
| ৩২। | মূল্যায়ন ও গবেষণা কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বা পরিসংখ্যানে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। |
| ৩৩। | অগ্নি-নিয়ন্ত্রক প্রশিক্ষক | - | প্রেষণে বদলির মাধ্যমে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে কর্মরত সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৪। | প্রশাসনিক কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৬৭ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৩৩ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৬ (ছয়) বৎসর অথবা উচ্চমান সহকারী বা সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি বেসিক কম্পিউটার কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৩৫। | রেডিও ইলেকট্রোনিক্স টেকনিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>ইনস্ট্রুমেন্ট অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল বা ইলেকট্রনিক্স বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমাসহ অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৩৬। | প্রদর্শক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি । |
| ৩৭। | গ্রন্থাগারিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>সহকারী গ্রন্থাগারিক পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| --- | --- | --- | --- | --- |
| | | | (খ) ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি বেসিক কম্পিউটার কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৩৮। | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে যান্ত্রিক প্রকৌশলে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৩৯। | ইঞ্জিনিয়ারিং মেকানিক (উপ-সহকারী প্রকৌশলী) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৪০। | ইলেকট্রোনিক মেকানিক (উপ-সহকারী প্রকৌশলী) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৪১। | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সিভিল প্রকৌশলে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৪২। | ফোরম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে যান্ত্রিক, শক্তি কৌশল, সিভিল বা অটোমোবাইল প্রকৌশলে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৩। | ইনস্ট্রুমেন্ট অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইনফরমেশন টেকনোলজি-তে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৪। | চীফ পেটি অফিসার (সিগনাল) | - | প্রেষণে বদলির মাধ্যমে। | বাংলাদেশ নৌবাহিনী হইতে সংশ্লিষ্ট ট্রেডের চীফ পেটি অফিসার পদ হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ৪৫। | চীফ পেটি অফিসার (সীম্যানশীপ) | - | প্রেষণে বদলির মাধ্যমে। | বাংলাদেশ নৌবাহিনী হইতে সংশ্লিষ্ট ট্রেডের চীফ পেটি অফিসার পদ হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ৪৬। | চীফ পেটি অফিসার | - | প্রেষণে বদলির মাধ্যমে। | বাংলাদেশ নৌবাহিনী হইতে চীফ পেটি অফিসার পদ হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ৪৭। | চীফ পেটি অফিসার (শীপ রাইট) | - | প্রেষণে বদলির মাধ্যমে। | বাংলাদেশ নৌবাহিনী হইতে সংশ্লিষ্ট ট্রেডের চীফ পেটি অফিসার পদ হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ৪৮। | শরীর চর্চা প্রশিক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শরীর চর্চা বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৯। | বেতার প্রশিক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) মেরিটাইম রেডিও কমিউনিকেশন (জেনারেল) সার্টিফিকেট; অথবা<br>(খ) বাংলাদেশ নৌবাহিনীর জাহাজে প্রাক্তন রেডিও সুপারভাইজার হিসাবে অভিজ্ঞতাসহ বেতার ও ইলেকট্রনিক্স যন্ত্রপাতি মেরামত ও সংরক্ষণ কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫০। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫১। | অগ্নি-নিয়ন্ত্রক সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৪০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ফায়ারম্যান পদে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ফায়ার ফাইটিং-এর উপর প্রশিক্ষণ সার্টিফিকেটসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫২। | ইমাম | - | পদোন্নতির মাধ্যমে। | মোয়াজ্জিন পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৫৩। | পরিবহন তত্ত্বাবধানকারী | - | পদোন্নতির মাধ্যমে। | উচ্চমান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৫৪। | দূরালাপনী তত্ত্বাবধানকারী | - | পদোন্নতির মাধ্যমে। | টেলিফোন অপারেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৫৫। | মাষ্টার | - | পদোন্নতির মাধ্যমে। | ককসেন পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি। |
| ৫৬। | উচ্চমান সহকারী | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫৭। | হিসাবরক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদভুক্ত কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি বেসিক কম্পিউটার কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫৮। | ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদভুক্ত কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি বেসিক কম্পিউটার কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৯। | ড্রাফটসম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬০। | সহকারী গ্রন্থাগারিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ লাইব্রেরি সায়েন্সে ডিপ্লোমা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬১। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৬২। | প্রধান মেকানিক | - | পদোন্নতির মাধ্যমে। | রিফ্রিজারেটর মেকানিক, মেশিনিস্ট, মেকানিক, মোটর-কাম-লঞ্চ মেকানিক, ইনস্ট্রুমেন্ট মেকানিক বা ইলেকট্রিক ফিটার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৬৩। | চিকিৎসা সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে ফার্মাসিস্ট বা প্যারামেডিক্স বিষয়ে ২ (দুই) বৎসর মেয়াদি ট্রেড কোর্স সার্টিফিকেট; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) সংশ্লিষ্ট পেশায় অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৪। | রেফ্রিজারেটর মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৫। | মেশিনিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৬। | মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৭। | মোটর-কাম-লঞ্চ মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ট্রেড কোর্স সার্টিফিকেট;<br>(খ) কোনো স্বীকৃত অটোমোবাইল ওয়ার্কশপে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬৮। | ইনস্ট্রুমেন্ট মেকানিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ-<br>(অ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট; বা<br>(আ) ''এ'' বা ''বি'' শ্রেণির তড়িৎ লাইসেন্স; বা<br>(ই) IT বিষয়ক ট্রেড লাইসেন্সধারী হিসাবে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৯। | ইলেকট্রিক ফিটার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ-<br>(অ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট; বা<br>(আ) ''এ'' বা ''বি'' শ্রেণির তড়িৎ লাইসেন্স; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭০। | মোটর ড্রাইভার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং মোটর ড্রাইভিং লাইসেন্সসহ ভারী যানবাহন চালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৭১। | লঞ্চ ড্রাইভার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) ডিপার্টমেন্ট অব শিপিং কর্তৃক ইস্যুকৃত লঞ্চ ড্রাইভার হিসাবে সার্টিফিকেট অব কম্পিটেনসীর অন্যূন দ্বিতীয় শ্রেণির সার্টিফিকেট এবং সকল রুটিন বোট ও সংশ্লিষ্ট দায়িত্ব পরিচালনায় সমর্থ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭২। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ কম্পিউটার-মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৭৩। | টেলিফোন অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে টি এন্ড টি বোর্ড হইতে সার্টিফিকেট; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭৪। | বেতার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট বা টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (ভি টি আই/ টি টি সি) হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৭৫। | মোল্ডার/ প্যাটার্ণ মেকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭৬। | মোয়াজ্জিন | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে আলিম পরীক্ষার সার্টিফিকেটসহ সুমধুর কণ্ঠের অধিকারী; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭৭। | গুদাম রক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি বেসিক কম্পিউটার কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭৮। | ককসেন | - | পদোন্নতির মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ-<br>(ক) সুকানী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; অথবা<br>(খ) সুকানী পদসহ লস্কর পদে সম্মিলিতভাবে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি; অথবা<br>(গ) লস্কর পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৭৯। | হিট ট্রিটমেন্ট ওয়েল্ডার/ স্মীথ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ নৌ পরিবহন মন্ত্রণালয়ের অধীনস্ত নাবিক প্রশিক্ষণ কেন্দ্র হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ১ (এক) বৎসরের ট্রেড কোর্স সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮০। | ট্রেসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮১। | চীফ স্টুয়ার্ড | - | পদোন্নতির মাধ্যমে। | প্রধান পাচক পদে অন্যূন ৩ (তিন) বৎসর অথবা গ্রেড-১৯ভুক্ত স্টুয়ার্ড পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৮২। | রোগী পরিচর্যাকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে প্যারামেডিক্স বিষয়ে সার্টিফিকেট; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮৩। | সুকানী | - | পদোন্নতির মাধ্যমে। | লস্কর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৮৪। | টার্নার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৮৫। | ফিটার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮৬। | কাঠ মিস্ত্রী | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৮৭। | বোট বিল্ডার | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৮৮। | তাম্রকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল বা মেকানিক্যাল ট্রেড কোর্স সার্টিফিকেটসহ কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮৯। | প্রধান পাচক | - | পদোন্নতির মাধ্যমে। | পাচক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৯০। | স্টুয়ার্ড (গ্রেড-১৯) | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ২৫ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৭৫ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>স্ক্যালিয়ান পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট কাজে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৯১। | পাচক | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ২৫ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৭৫ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>স্ক্যালিয়ান পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট কাজে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯২। | ভান্ডারী | - | পদোন্নতির মাধ্যমে। | স্ক্যালিয়ান পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৯৩। | গার্ড-ইন-চার্জ | - | পদোন্নতির মাধ্যমে। | নাইট চৌকিদার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৯৪। | প্রধান মালী | - | পদোন্নতির মাধ্যমে। | গ্রাউন্ডসম্যান পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৯৫। | গ্রীজার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ যান্ত্রিক দক্ষতা ও ইঞ্জিন যন্ত্রাংশের জ্ঞানে দক্ষ এবং রুটিন বোট চালনায় সমর্থসম্পন্ন; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯৬। | নথি রক্ষক | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৯৭। | ফায়ারম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ জাহাজের ইঞ্জিন কক্ষে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৯৮। | টুলস্ এ্যাটেনডেন্ট | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৯৯। | লস্কর | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>বোট ক্রু পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০০। | স্ক্যালিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে দক্ষতা ও অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০১। | নাইট চৌকিদার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা;<br>(খ) বলিষ্ঠ শরীরের অধিকারী ও শারীরিক যোগ্যতাসহ অন্যূন ১.৬২ মিটার উচ্চতা, ৫২ কেজি ওজন, ৭৬২-৮৬২ মিটার বুকের মাপ এবং ৬/৬ দৃষ্টিশক্তি সম্পন্ন হইতে হইবে; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১০২। | গ্রাউন্ডসম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০৩। | গ্রন্থাগার পরিচর্যাকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগার বা ফার্মে বই বাঁধাইয়ের কাজে অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০৪। | সুইমিংপুল পরিচর্যাকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং জীবন রক্ষাসহ সাঁতারে অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০৫। | বোট ক্রু | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বোট চালানো এবং বোটের কার্যক্রম অনুযায়ী সংশ্লিষ্ট দায়িত্ব পালনে সমর্থ; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০৬। | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১০৭। | খাকরব | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ১০৮। | টোপাস | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ১০৯। | স্টুয়ার্ড | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ১১০। | বাবুর্চি | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ১১১। | নিরাপত্তা প্রহরী | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ১১২। | মালী | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |

## তফসিল-২
## [বিধি ২ (খ) দ্রষ্টব্য]

**১১তম হইতে ২০তম গ্রেডের পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি:**

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| ১। | লিখিত পরীক্ষা | ৭০ | ৫০% | ৯০ মিনিট |
| | (ক) বাংলা | ২০ | | |
| | (খ) ইংরেজি | ২০ | | |
| | (গ) গণিত | ১৫ | | |
| | (ঘ) সাধারণ জ্ঞান | ১৫ | | |
| ২। | মৌখিক পরীক্ষা | ৩০ | | |
| | | সর্বমোট নম্বর=১০০ | | |

**ব্যাখ্যা।**—(১) লিখিত পরীক্ষা, এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

(২) কারিগরি পদসমূহের জন্য নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ব্যবহারিক পরীক্ষায় প্রার্থীকে উত্তীর্ণ হইতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাঃ শুকরিয়া পারভীন**
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd